অতিরিক্ত সচিবের দপ্তর
খাদ্য মন্ত্রণালয়
☐ যুগ্ম-সচিব (প্রশাসন)
☐ যুগ্ম-সচিব (সমঃ ও সং)
☐ উপসচিব (সংস্থা প্রশাসন)
☐ উপসচিব (সেবা / তদন্ত)
নং- ৫৬৫
তাং- ২৩/২/১৬
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ অধিশাখা
www.mopa.gov.bd

নং- ০৫.০০.০০০০.২০২.০০.০০৯.১৬-৮৫

তারিখ: ১৬/০২/২০১৬ খ্রি.

**বিষয়: চীনে অনুষ্ঠেয় মাস্টার্স ও পিএইচডি কোর্সে অধ্যয়ন সংক্রান্ত।**

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি নং ০৫.০০.০০০০.২০২.০০.০০৯.১৬-৮২, তারিখ: ১৫/০২/২০১৬ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চীন সরকারের অর্থায়নে MOFCOM বৃত্তির আওতায় চীনে অনুষ্ঠেয় ঐ দেশের ২৬টি বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স ও পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য আবেদন আহ্বান করে জনপ্রশাসন মন্ত্রণালয় সূত্রোক্ত স্মারকে একটি বিজ্ঞপ্তি প্রকাশ করেছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তাদের মাঝে বহুল প্রচারের লক্ষ্যে উক্ত বিজ্ঞপ্তি ও সংশ্লিষ্ট কাগজপত্র তাঁর মন্ত্রণালয়/বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

যুগ্মসচিব (প্রশাসন-১) দপ্তর
খাদ্য মন্ত্রণালয়
☐ উপসচিব (অঃ প্রঃ-১)
☐ সিঃ সহঃ সঃ (অঃ প্রঃ-১)
☐ সহঃ সঃ (অঃ প্রঃ-২)
নম্বর
তাং ২৫/২/১৬
স্বাক্ষর

ড. আবদুল হামিদ
উপসচিব
ফোন: ৯৫৭৪৪২৬
sasft.mopa@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd

নং-১৩.০০.০০০০.০১৩.২৫.০০৪.১৬-১৮৭

১৬ ফাল্গুন ১৪২২ ব.
তারিখঃ-------------------
২৮ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

১। চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ৭১-৭২ নিউ ইস্কাটন রোড, প্রবাসী কল্যাণ ভবন, ১৩ তলা, ঢাকা।
২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
৩। যুগ্ম-সচিব (সকল) খাদ্য মন্ত্রণালয়।
৪। মহাপরিচালক, এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয়।
৫। উপসচিব (সকল) খাদ্য মন্ত্রণালয়।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়।
৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়।
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়।
৯। সিনিয়র সহকারী সচিব /সিনিয়র সহকারী প্রধান (সকল), খাদ্য মন্ত্রণালয়।
১০। সহঃ প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয় ( বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

২৮/২/২০১৬

ড. অনিমা রানী নাথ
উপসচিব
ফোন-৯৫৪০১৫৪
email: admin1@mofood.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ অধিশাখা
www.mopa.gov.bd

নং- ০৫.০০.০০০০.২০২.৫০.০০৯.১৬-৮২ তারিখ:১৫/০২/২০১৬ খ্রি.

# বিজ্ঞপ্তি

চীন সরকারের অর্থায়নে MOFCOM বৃত্তির আওতায় চীনে অনুষ্ঠেয় ঐ দেশের ২৬টি বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স ও পিএইচডি কোর্সের জন্য নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সরকারি কর্মকর্তা মনোনয়নের লক্ষ্যে আবেদন আহ্বান করা যাচ্ছে:

এতদসংক্রান্ত বিস্তারিত কোর্সের নাম ও সংশ্লিষ্ট তথ্যাবলী এসাথে সংযুক্ত করা হলো।

**শর্তসমূহ:**

১. আবেদনকারী বাংলাদেশের নাগরিক ও সরকারি চাকুরিজীবি হতে হবে। আবেদনকারীর বয়স আবেদনের সময় ৪৫ এর নীচে হতে হবে;
২. মাস্টার্স প্রোগ্রামে আবেদনের জন্য স্নাতক ডিগ্রী এবং পিএইচডি প্রোগ্রামের জন্য মাস্টার্স ডিগ্রী থাকতে হবে;
৩. ইংরেজি ভাষায় দক্ষতার প্রমাণস্বরূপ আইইএলটিএস (IELTS) পরীক্ষায় কার্যকর (valid) ৬.০ স্কোর থাকতে হবে;
৪. একজন আবেদনকারী কেবল একটি বিষয়ে আবেদন করতে পারবেন। তবে একটি বিষয়ে আবেদনের প্রযোজ্য ক্ষেত্রে তিনটি বিশ্ববিদ্যালয়ের অপশন দেয়া যাবে;
৫. আবেদনকারীর চাকুরি স্থায়ী হতে হবে;
৬. আবেদনকারীকে স্ব স্ব নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অনুমতিক্রমে আবেদন করতে হবে;
৭. অসমাপ্ত আবেদনপত্র বা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
৮. আবেদনপত্রের সঙ্গে আবেদনকারীর তথ্যাবলী (সংযুক্ত ফরমে) প্রার্থীত কোর্সের নাম ও বিশ্ববিদ্যালয়ের নামে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনকারীর কোর্সের সঙ্গে তাঁর শিক্ষাগত যোগ্যতা এবং চাকুরির সংশ্লিষ্টতা থাকতে হবে;
৯. আবেদনপত্র বিবেচনার ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাছাই কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবে;
১০. জনপ্রশাসন মন্ত্রণালয় বাছাইকৃত আবেদনকারীর অনুকূলে চীনা বৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না। প্রার্থীত বৃত্তি প্রাপ্তির বিষয়ে চীনের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত;
১১. জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.২১১.২২.১০৬.২০০৮-৩৩৯, তারিখ: ০৬/১২/২০১৫ মোতাবেক চাকুরিতে প্রবেশের পর প্রেষণ/শিক্ষাছুটিতে একটি মাস্টার্স ডিগ্রী সম্পন্ন করেছেন এমন কর্মকর্তার আবেদন করার প্রয়োজন নেই;
১২. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/৮/৯২খ্রিঃ তারিখের স্মারক নং-সম (বিঃপ্রঃ)-৮০/৯২-৫১৮(৫po) নং আদেশ এবং ১২ মে ২০০৩ তারিখে প্রকাশিত গেজেটে (জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ গবেষণা শাখা) জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা ও বিদেশ প্রশিক্ষণে কর্মকর্তা মনোনয়ন বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯ জুন, ২০১১ খ্রি. তারিখের ০৩.০৬৯.০২৫.০৬. ০০.০০৩.২০১১-১৪৪ (৫০০) সংখ্যক পত্রের মর্মানুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে;
১৩. আবেদনের সর্বশেষ তারিখ ১৬/০৩/২০১৬ খ্রি.।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

ড. আব্দুল হামিদ
উপসচিব
ফোন: ৯৫৭৪৪২৬
sasft.mopa@gmail.com

বিতরণ- সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। সিনিয়র সচিব/সচিব (সকল মন্ত্রণালয়/বিভাগ) (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়/বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। বিভাগীয় কমিশনার (সকল)।
৩। জেলা প্রশাসক (সকল)।
৪। সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (জরুরি ভিত্তিতে ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।

## আবেদন ফরম

| | | |
|---|---|---|
| ১. | নাম ও পরিচিতি নম্বর (যদি থাকে) | : |
| ২. | পদবী ও বর্তমান কর্মস্থল | : |
| ৩. | ক্যাডার/ব্যাচ নং<br>(ক্যাডার না হলে সার্ভিসের নাম) | : |
| ৪. | জন্ম তারিখ | : |
| ৫. | প্রার্থীত কোর্সের নাম | : |
| ৬. | বিশ্ববিদ্যালয়ের নাম | : |
| ৭. | শিক্ষাগত যোগ্যতার বিবরণ (দেশে/বিদেশে)<br>(স্নাতক ও তদুর্ধ্ব) | : |
| ৮. | চাকুরীতে যোগদানের পর অর্জিত ডিগ্রি (দেশে/বিদেশে) | : |
| ৯. | চাকুরী স্থায়ী কিনা? স্থায়ী হওয়ার তারিখ | : |
| ১০. | IELTS স্কোর (পরীক্ষার তারিখ) | : |
| ১১. | মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা | : |
| ১২. | অফিসিয়াল পাসপোর্ট নম্বর ও পাসপোর্ট এর মেয়াদ শেষ হওয়ার তারিখ | : |

উপরোক্ত তথ্য সঠিক ও নির্ভুল

আবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশ

স্বাক্ষর ও সীল